গাংনীতে শিখন কেন্দ্রের উদ্বোধন

মেহেরপুরে বিদ্যালয় বহির্ভুত শিশুদের জন্য শিখন কেন্দের উদ্বোধন ও বইসহ শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার দুপুরে মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল-জোরপুকুরিয়া ডিগ্রী কলেজের সভাকক্ষে শিখন কেন্দ্রের উদ্বোধন ও বইসহশিক্ষা উপকরণ বিতরণ করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য সাহিদুজামান খোকন। এসময় মানব উন্নয়ন কেন্দ্র মউকের নির্বাহী প্রধান আশাদুজামান সেলিম, তেরাইল-জোরপুকুরিয়া কলেজের অধ্যক্ষ মাসুম উল হক মিন্টুসহ বিভিন্ন পর্যায়ের মানুষ উপস্থিত ছিলেন।
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয় পিইডিপি-৪ এর আউট অব স্কুল চিল্ড্রেন কর্মসুচীর উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের আওতায় শিখন কেন্দ্রের শিক্ষা কায্যক্রম বাস্তবায়ন করবে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) নামের একটি বেসরকারি সংস্থা। বই বিতরণকালে মানব উন্নয়নকেদ্◌্◌েরর সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হাসেন,ও উপজেলা প্রোগ্রাম ম্যানেজার আব্দুল করিম,কেন্দ্র সুপারভাইজার তারিফুল ইসলাম জীবন উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে উপস্থিত বক্তারা বলেন,মেহেরপুর জেলায় ২১০ টি কেন্দ্রে ৬ হাজার ৫৫০ জন ঝরে পড়া শিশু শিক্ষার্থী উপবৃত্তিসহ সরকারি সকল সুবিধায় লেখা পড়ার সুযোগ পাবে। ৬ থেকে ১২ বছরের স্কুল বাহির্ভুত প্রথম শ্রেনী থেকে পঞ্চম শ্রেনী পর্যন্ত লেখা পড়ার সুযোগ পাবে। ৬ মাস অন্তর তাদের বই পরিবর্তন করা হবে এবং তিন বছর পর সমাপনি পরীক্ষায় অংশ গ্রহন করানো হবে। উদ্বোধনী দিনে নিত্যানন্দনপুর গির্জা পাড়ার ২৮জন শিশুদের হাতে নতুন বই ও শিক্ষা উপকরণ তুলে দেয়া হয়।

শৈলকূপায় বিদ্রোহী প্রার্থী হওয়ায় আ.লীগের ১২ নেতাকর্মীকে বহিষ্কার

ঝিনাইদহের শৈলকূপায় ৫ম ধাপে ১২টি ইউপি নির্বাচনে অংশ নেওয়ায় ১২ জন বিদ্রোহী চেয়ারম্যান প্রার্থীকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল সোমবার দুপুরে শৈলকূপা উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক মতিয়ার রহমান ও যুগ্ম আহ্বায়ক সরোয়ার জাহান বাদশা স্বাক্ষরিত প্রেসবিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা হয়।
বহিষ্কৃতরা হলেন ত্রিবেনী ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য বিদ্রোহী চেয়ারম্যান প্রার্থী রেজাউল করিম খান, মির্জাপুর ইউনিয়নে আওয়ামী লীগের সদস্য শহিদুল ইসলাম টুলু, দিগনগর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-প্রচার সম্পাদক মাক্তারুজ্জামান মুক্ত, কাঁচেরকোল ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আমিরুল ইসলাম বাবলু জোয়ার্দ্দার, সারুটিয়া ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি জুলফিককার কায়সার টিপু, আবাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক হেলাল উদ্দিন, আবাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আমজাদ হোসেন মোল্লা, আবাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক হাবিবুর রহমান রিপন, উমেদপুর ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য আব্দুল্লাহ শেখ, দুধসর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক টিএ রাজু, দুধসর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি বিএম শফি এবং ফুলহরি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আওলাদ হোসেন।
৫ম ধাপে আগামী ৫ জানুয়ারী উপজেলার ১২ ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত হবে। এখানে ৯টি ব্যালটে ও ৩টি ইউপিতে ইভিএম পদ্ধতিতে নির্বাচন অনুষ্ঠিত হবে। ইভিএম পদ্ধতির মধ্যে হাকিমপুর ও ধলহরাচন্দ্র ২টি এবং বগুড়া ইউপিতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ৩ জন চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন।
উপজেলা নির্বাচন অফিসের দেওয়া তথ্য মতে, এ নির্বাচনে পুরুষ ভোট ১ লাখ ১৬ আর নারী ভো ১ লাখ ১৫ হাজার ৭৭১ জনসহ মোট ২লাখ ৩২ হাজার ৬৮জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

দর্শনা কেরু উচ্চ বিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উৎসব উদযাপনে প্রস্তুতি সভা

দর্শনা কেরু উচ্চ বিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উৎসব বা “প্লাটিনাম জুবলী” উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকালে বিদ্যালয় প্রাঙ্গণে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় ইংরেজী ২০২২ সন বছরব্যাপী অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। এসময় উক্ত সভায় সকলের সম্মতিক্রমে শেখ মোঃ শাহাব উদ্দিনকে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করা হয়।

এসভায় উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক আ. রহিম, শিক্ষিকা আরতি হালসানা, শিক্ষক হারুন অর রশিদ জুয়েলে, বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র ব্যবসায়ী বজলুর রহমান, মুকুল হোসেন, বকুল হোসেন, মোশারফ হোসেন, আলমঙ্গীর হোসেন, ছাত্রলীগ নেতা রায়হান, অপু সরকার, প্রমুখ।

দর্শনায় জাতীয় পার্টির দর্শনা থানা ও পৌর শাখার যৌথ সম্মেলন অনুষ্ঠিত

দর্শনায় জাতীয় পার্টির দর্শনা থানা ও পৌর শাখার যৌথ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকাল ৪ টার দিকে দর্শনা রেলবাজার হীরা সুপার মার্কেটের ছাদে (সাবেক হীরা সিনেমা হল) এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাতীয় পার্টির দর্শনা থানা শাখার আহব্বায়ক নুর জামালের সভাপতিত্বে উপস্থিত থেকে প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন জাতীয় পার্টির চুয়াডাঙ্গা জেলা শাখার সদস্য সচিব এ্যাডঃ রবিউল

ইসলাম।

দর্শনা থানা কমিটির সাবেক সহ-সভাপতি ও আহব্বায়ক কমিটির সদস্য ফরহাদ খান শিল্পীর প্রানবন্ত উপস্থাপনায় বিশেষ অতিথি থেকে বক্তব্য রাখেন, জাতীয় পার্টির চুয়াডাঙ্গা জেলা শাখার যুগ্ন আহব্বায়ক শাহাবুদ্দিন বিশ্বাস ,দামুড়হুদা উপজেলা আহব্বায়ক শহিদুল ইসলাম, জীবননগর উপজেলা সভাপতি মজিবুর রহমান, সাধারন সম্পাদক মোসাব কাক্বা, সহ-সভাপতি মমিনুল ইসলাম হানেফা, সাংবাদিক আতিয়ার রহমান, হাসাদহ ইউনিয়ন জাতীয় পার্টির সভাপতি সাংবাদিক মতিয়ার রহমান, দর্শনা পৌর জাতীয় পার্টির আহব্বায়ক এনামুল হক সন্টু, যুগ্ন আহব্বায়ক সাজ্জাদুল ইসলাম সুজন, দর্শনা পৌর জাতীয় পার্টির সাবেক সাংগঠনিক সম্পাদক আবুল হাসেম, প্রমুখ।

আলোচনা শেষে দর্শনা থানা কমিটির সভাপতি নুর জামাল ও সাধারন সম্পাদক হায়দার আলী ও পৌর কমিটির সভাপতি এনামুল হক সন্টু এবং সাধারন সম্পাদক সাজ্জাদুল ইসলাম সুজনকে করা হয়।

অনুষ্ঠানের প্রধান বক্তা জাতীয় পার্টির চুয়াডাঙ্গা জেলা শাখার সদস্য সচিব এ্যাডঃ রবিউল ইসলাম ঘোষনাকৃত কমিটির সভাপতি ও সাধারন সম্পাদককে আগামী এক সপ্তাহের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের নির্দেশ প্রদান করেন।

চুয়াডাঙ্গায় ইউপি নির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা সংক্রান্ত মতবিনিময় সভা

চুয়াডাঙ্গায় ইউপি নির্বাচন উপলক্ষে আইন-শৃঙ্খলা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ নির্বাচন কমিশন ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০২১ উপলক্ষে সকল প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের সাথে আইনশৃঙ্খলা সংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আসন্ন ইউনিয়ন পরিষদের নির্বাচন (২৬ শে ডিসেম্বর) উপলক্ষে

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের হল রুমে সোমবার সকাল সাড়ে দশটার সময় এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার, চুয়াডাঙ্গা জেলা সিনিয়র নির্বাচন অফিসার তারেক আহমেদ, এ সময় আরো উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ মহসীন পিপিএম (বার)।

এ সময়ে প্রধান অতিথি ও বিশেষ অতিথির বক্তব্যে বক্তারা বলেন, আগামী ২৬ শে ডিসেম্বর ২০২১ ইউনিয়ন পরিষদ নির্বাচন একটি অবাধ সুষ্ঠু ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন হবে। উক্ত নির্বাচনে কোনরূপ সহিংসতা হতে দেওয়া যাবে না। এবং সুষ্ঠ ও নিরপেক্ষ নির্বাচনের লক্ষ্যে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সেই সাথে সকল নির্বাচনী প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের আইন-শৃঙ্খলা সংক্রান্ত অবনতি না ঘটিয়ে নির্বাচন করার জন্য আহ্বান জানিয়েছেন।

এবারের ইউপি নির্বাচনে চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলায় মোট চারটি ইউনিয়ন পরিষদে নির্বাচন অনুষ্ঠিত হবে। মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৪৫ এবং মোট ভোটারের সংখ্যা ৭৮৭০১ জন।

জীবননগরে ক্ষতিগ্রস্থ কৃষকদের সহায়তার আবেদন কৃষক সংগঠনের

জীবননগরে ন্যায্য মুল্যে সার,বীজ,কীটনাশক বিক্রয়,ডিলারদের দোকানে সরকারি বরাদ্ধের পরিমান তালিকা প্রদর্শন এবং প্রাকৃতিক দুর্যোগ জাওয়াদে ক্ষতিগ্রস্থ কৃষকদের সহায়তার জন্য আবেদন করলেন কৃষক সংগঠন দি এশিয়া ফাউন্ডেশন।

সোমবার সকাল সাড়ে ১০টার সময় কৃষক সংগঠন দি এশিয়া ফাউন্ডেশনের

উদ্যোগে এবং রিসো সংস্থার সহযোগিতায় কৃষকদের বিভিন্ন দাবী তুলে জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলামের নিকট একটি স্বারক লিপি প্রদান করেন ।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের কৃষক সংগঠন দি এশিয়ার সভাপতি আকিমুল ইসলাম,সাধারন সম্পাদক রাজেদুল ইসলাম,আতিয়ার রহমান,জহুরুল ইসলাম,শাহাববুদ্দিন,শহিদুল ইসলাম,শফিকুল আলম নান্নু প্রমুখ।

জীবননগরে যৌতুকের টাকা দিতে না পারায় গৃহবধৃকে নির্যাতন

জীবননগরে যৌতুকের টাকা দিতে না পারায় গৃহবধৃকে নির্যাতন করার অভিযোগ উঠেছে স্বামী দেলোয়ার হোসেনের বিরুদ্ধে। গত শনিবার বিকালে দর্শনা থানার কুন্দিপুর বেলেমাঠ গ্রামে এ ঘটনা ঘটে। নির্যাতিত গৃহবধু সাবিনা (২০) দর্শনা থানার গড়াইটুপি ইউনিয়নের গবর গাড়া গ্রামের মৃত মোফাজ্জেল হোসেনের মেয়ে।

প্রত্যক্ষদর্শী সুত্রে জানা গেছে, ২০২১সালের প্রথম দিকে পারিবারিক সিদ্ধান্তের মতামতে আনুষ্ঠানিক ভাবে সাবিনার সঙ্গে দেলোয়ারের বিয়ে হয়। বিয়ের দুই মাস পর দেলোয়ার একটি দোকান দেওয়ার জন্য সাবিনার ভায়ের নিকট থেকে যৌতুক হিসাবে এক লক্ষ টাকা দাবি করলে তারা সেই দাবি মেনে নিয়ে নগদ এক লক্ষ টাকা দিয়ে দেয় পরবর্তীতে আবার এক লক্ষ টাকা দাবি করলে সেই টাকা দিতে অপারাগত জানাই সাবিনা সেই থেকে কারনে অকারণে তাকে মারধর করতে থাকে। কিন্তু সাবিনার বাবা মারা যাওয়ার পর থেকে তার সমস্থ দায়ভার পড়ে ভায়ের উপর ভায়ের দিকে তাকিয়ে সাবিনা টাকা আনতে রাজি না হওয়ায় তাকে ৫দিন ঘরের মধ্যে আটকে রাখে এবং খাওয়া দাওয়া বন্ধ করে দেয়। এ সংবাদ শুনে সাবিনার ভাই শিপন গত শনিবার দর্শনা থানা পুলিশের সহযোগিতায় ওই বাড়ি থেকে গুরুত্বর আহত অবস্থায় সাবিনাকে উদ্ধার করে চিকিৎসার জন্য জীবননগর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করে।

গৃহবধু সাবিনা অভিযোগ করে বলেন, তার স্বামী দেলোয়র যৌতুকের টাকার জন্য চাপ দিতে থাকে সে টাকা আনতে অপরাগত জানালে তাকে তার স্বামী ও তার ভাই ওসমান মিলে মারধর করে। এবং খাবার না দিয়ে ঘরের মধ্যে ৫দিন যাবৎ আটকিয়ে রাখে।

নির্যাতিত গৃহবধু সাবিনার ভাই শিপন বলেন, বিয়ের সময় তার কোন দাবি ছিল না পরে টাকার জন্য আমার বোনকে মারধর করে বোনের সুখের জন্য আমরা কষ্ঠ করেও তাকে যৌতুক হিসাবে নগদ ১লক্ষ টাকা দেওয়া হয়েছে। আবার সে টাকা দাবি করে টাকা দিতে দেরী হওয়ায় আমার বোনকে খাবার না দিয়ে ঘরের মধ্যে আটকিয়ে রাখে। এ খবর শুনে আমি দর্শনা থানাতে যেয়ে পুলিশের সহযোগিতা নিয়ে আমার বোনকে সেখান থেকে গুরুত্বর অসুস্থ অবস্থায় উদ্ধার করে চিকিৎসার জন্য জীবননগর হাসপাতালে ভর্তি করি।

দেলোয়ার হোসেন, বলেন আমি কোন টাকা চাইনি এবং তারা ও আমাকে কোন টাকা দেয়নি আমার স্ত্রী প্রায় তার বাবার বাড়িতে চলে যায় আমি নিষেধ করলে সে গলাই দড়ি দিতে যায় আমি তার বাবার বাড়িতে যেতে মানা করা সত্বেও যখন সে বাড়ি থেকে বেরিয়ে যাচ্ছিল তখন তাকে আমি একটা চড় মেরেছি। তা ছাড়া আমার বিরুদ্ধে যৌতুক নেওয়ার যে অভিযোগ উঠেছে তা সম্পন্ন মিথ্যা।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ হেলেনা আক্তার নিপা বলেন, সাবিনার শরীরে আঘাতের চিহ্ন আছে তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে এখন অনেকটাই সে সুস্থ আছে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) লুৎফর কবির বলেন, যৌতুকের জন্য গৃহবধুকে নির্যাতন করেছে এমন কোন অভিযোগ থানায় এখন কেউ করেনি। তবে লিখিত অভিযোগ পেলে তদন্ত পুর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

হরিনাকুণ্ডুতে সড়ক দুর্ঘটনায়

শিশু নিহত,আহত ৬

ঝিনাইদহের হরিনাকুণ্ডুতে আলমসাধু ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে ৩ বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। আহত হয়েছে আরো ৬ জন। আহত দরীবিন্নী গ্রামের মোঃ হাসান মন্ডলের স্ত্রী মোছাঃ মনিরা খাতুন (৩৫),মোঃ রিপন আলীর স্ত্রী মোছাঃ মুসলিমা খাতুন(৩০), মো লিয়াকত মন্ডলের স্ত্রী মোছাঃ আকলিমা বেগম (৪০), মোঃ মিল্টন আলীর স্ত্রী মোছাঃ রোজিনা খাতুন (৪৫) মৃত কেসমত মন্ডলের পুত্র মোঃ মিল্টন মন্ডল (৪৭)
ও আলমসাধু ড্রাইভার বিশেয়খালী গ্রামের মোঃ গনি মন্ডলের পুত্র মোঃ রাজীব হোসেন। আহত ছয় জন হরিনাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

আজ সোমবার (২০ ডিসেম্বর) দুপুরে হরিনাকুণ্ডু উপজেলার মান্দারতলা গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহতের লাশ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মর্গে রাখা আছে।
নিহত শিশু আছিয়া (৩) উপজেলার দরীবিন্নী গ্রামের রিপন আলীর মেয়ে।

হরিনাকুণ্ডুর থানার (ওসি) আব্দুল রহিম মোল্লা ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।জানা যায়, সোমবার দুপুরে যাত্রী বোঝাই একটি ইজিবাইক হরিনাকুণ্ডু থেকে ঝিনাইদহের উদ্দেশ্য করে যাচ্ছিলো। এ সময় উপজেলার মান্দারতলা গ্রামে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা দ্রুতগতির মাছ বোঝাই একটি আলমসাধুর সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ইজি বাইকের ৭ জন আরোহী গুরুতর আহত হয়। তাদের উদ্ধার করে হরিনাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক শিশু আছিয়াকে মৃত ঘোষণা করেন।

মেহেরপুরে ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক আন্ত:ধর্মীয় সংলাপ

মেহেরপুরে ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক আন্ত:ধর্মীয় সংলাপ অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুরে সবজির দাম কিছুটা কমতির দিকে, বেড়েছে রসুনের দাম

শীতের সবজির সরবরাহ বেড়েছে। ইতোমধ্যে কমতে শুরু করেছে কিছু সবজির দাম। গত সপ্তাহের ৪০ টাকা কেজি কাঁচা মরিচ ২৫ টাকা কমে এই সপ্তাহে ১৫ টাকা হয়েছে,৩০ টাকা কেজি দরে বিক্রি হওয়া আলু ৭ টাকা কমে ২৩ টাকাই বিক্রি হচ্ছে।একইভাবে গত সপ্তাহে ৫৫ টাকা কেজি দেশি পেঁয়াজ ২৭ টাকা কমে বিক্রি হচ্ছে ২৮ টাকা কেজি দরে।
এদিকে গত সপ্তাহের ২০ টাকা কেজি দরে বিক্রি হওয়া রসুন ২০ টাকা বেড়ে ৪০ টাকাই বিক্রি হচ্ছে।

এবিষয়ে সবজি বিক্রেতারা বলছেন,শীতের সবজির সরবরাহ বেড়েছে, বাজারে নতুন সবজি আসছে আর যত দিন যাবে, এই দাম আরও কমতে থাকবে। তহ বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক মোঃ আব্দুস সামাদ জানান, গত সপ্তাহে বাজার চড়া ছিল, কিন্তু এখন সব ধরনের সবজির দাম কমতির দিকে। তবে ক্রেতারা বলছেন, শীতের এই সময় দাম আরও কম থাকার কথা। সেই তুলনায় দাম কিছুটা বেশি।

বাজার ঘুরে দেখা গেছে, বাজারে বড় সাইজের একটি ফুলকপি ২৫ টাকায় বিক্রি হচ্ছে, যা আগে বিক্রি হয়েছে ৩৫ থেকে ৪০ টাকায়। একইভাবে কচু প্রতি কেজি বিক্রি হচ্ছে ২০ টাকাই, সিমের দাম কমে এখন বিক্রি হচ্ছে ২০ টাকাই, পেঁপে বিক্রি হচ্ছে ১০ টাকাই। এই সপ্তাহের বাজারে প্রতি কেজি কাঁচা মরিচ দাম কমে ১৫ টাকায় বিক্রি হচ্ছে। এছাড়াও গাজর ৪০ টাকা, শসা ৫০ টাকা, মূলা ৩০ টাকা, বেগুন ৩০ টাকা,সিম ২৫ টাকা,টমেটো ৩৫ টাকা, পিঁয়াজ কলি ১০ টাকা,পালন শাক ২০ টাকা কেজিতে বিক্রি হচ্ছে।

তবে আগের মতো দাম রয়েছে আদা ৫০ টাকা ও শুকনা মরিচ ১২০ টাকা। মেহেরপুরের বড় বাজারে কাঁচাবাজার করতে আসা মামুন বলেন, গত সপ্তাহের তুলনায় এখন সবজির দাম কিছুটা কমেছে।তবে শীতের মৌসুম দাম আর কিছুটা কম হওয়া উচিত।